রাহুল পুরকায়স্থ

# কপিকল অথবা হাওয়া-মোরগ

সেলুনের থেকে তবে শুরু হোক নতুন সমাজ, কাঁচির আওয়াজ, ছুরির বাত্যাবিনিময়, খুরের সন্ত্রাস, মৃদু সংসদীয়। এরই মাঝে, এভ বেই ঘুম ভাঙে। একইভাবে। রোজ। রোজই মনে করতে চাই গত মুহূর্তের শেষ রাত্রি, দ্রুত শ্বাসাঘাতের সাথে তাল মিলিয়ে ঠিক কতবার হিক্কা তুলেছিলেন মোহনদাস। দেখি পত্‌পত্‌ উড়িতেছে জাতীয় পতাকা, চশমার ঘষা কাঁচ ভেদিয়া দেখিতেছেন আমাদের পিতামহ। দেখিতেছেন ১৫ অগাস্ট '৪৭, সাপুড়ে গিলিতেছে সাপিনীর মাথা আর মাউন্টব্যাটেন।

এই ভোর। এই জেগে ওঠা। কখনও গর্জন, কখনও কুটি কুটি ছিঁড়ে ফেলা আত্মাভিমান, প্রবঞ্চনা—অসহ্য! ঢেউ ভাসিয়ে নিয়ে যাচ্ছে পুরনো হরফ, ফিরিয়ে দিচ্ছে অবসাদ আর ঈর্ষা। রক্ত আর পুঁজ আর উঠোন-উঠোন বমি। চারদিকে কাঁচির শব্দ আর ঘুম। দিব্যঘুম।

আজ হতে অনেক অনেক আগে আমাদের রক্ত, অস্থি মন্থন করেছিল যারা—তাঁরা আজ আমাদের বাড়িওয়ালার ভাইবোন। প্রতিনিয়তই তাঁরা ছুড়ে দিচ্ছেন যাবতীয় উচ্ছ্বাস ও উচ্ছিষ্ট আর আমরা লেজ তুলে ছুটে যাচ্ছি দোতলা তিনতলায়।

আমার অঙ্গপ্রত্যঙ্গের মধ্যবর্তী দরজা দুলে ওঠে। জলের গভীরে দোলে শামুকের মাথা, সভ্যতার ধারাবিবরণ। বিবর্তনের শেষ ধাপ বলে কিছুই নেই—এই শব্দকটি বারবার ছিঁড়ে ফেলে উহাদের দাঁত। আমার বমি পায়। আরও অগ্নিকাণ্ডের পর ধ্বংসস্তূপ থেকে পাওয়া গেল আটটি ছাপার কল। অক্ষত অস্তিত্ব। আগুন-খেকো। পরিশুদ্ধ! সব্জিআলার মেয়ে পালিয়েছে গতরাতে। সাথে আছে মিল-ম্যানেজার, হবে জয়!

ব্যাঙ্কের বই বলে কিছু নেই যার তার আছে লক্ষ্মীর ঘট। আরামকেদারার ছেঁড়া কাপড়ের থেকে প্রতিদিন বেঁচে ওঠে ইঁদুরের খোকা (খোকা হোক! খোকা হোক!) অন্ধবিন্দুর থেকে ছুটে আসা হাওয়া এইসব ঘিরে রাখে। রোজ।

শ্রমিক-কল্যাণ কেন্দ্রের দিকে যেতে যেতে টের পাই ভাষা বিনিময়। আমাদের বাড়ির পাশে আত্মহত্যাপ্রবণ যে মানুষ তিনিও শ্রমিক, ৭ মাস বন্ধ কলের। শ্রমিক-কল্যাণ! (তুমি কি দেখেছ তাঁকে? আমাদের বুড়ি ঠাকুমাকে?)

হাওয়া দেয়। ভীষণ ভীষণ জোরে। লাট খায় শৃঙ্খলা, গূঢ় অভিমান, লাট খায় বিনিয়োগ, যৌথ খামার। ছুটে যায় দমকল। আগুন লেগেছে ওই চালে। চিমনির গলা চাটে ধাড়ি আমলারা।

এই শেষ, এই শুরু, অকাল বোধন। □

*Manufacturers & Exporters of* :

**Helical Fittings, Pole Line Hardware, Trans & Dist Structures. Overhead Line Accessories, Insulator Hardware, Clamps & Connectors, Line Conductor Accessories.**

**MODERN MALLEABLE CASTING WORKS LTD.**

53-B, MIRZA GHALIB STREET,
CALCUTTA-700 016.
Phone : 294904, 295268, 291126, 297027
Fax : (033) 292765
Telex : 021-5826 MMW IN
Cable : MALLECAST